# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৮৫৭

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ রুকূ‘তে যাওয়া এবং রুকূ‘ থেকে মাথা উত্তোলন করার সময় রফ‘উল ইয়াদাইন বা দুই হাত উত্তোলন করা মুস্তাহাব

## ذِكْرُ مَا يُسْتَحَبُّ لِلْمُصَلِّي رَفْعُ الْيَدَيْنِ عِنْدَ إِرَادَتِهِ الرُّكُوعَ وَعِنْدَ رَفْعِ رَأْسِهِ مِنْهُ

আরবী

1857 ـ أَخْبَرَنَا الْفَضْلُ بْنُ الْحُبَابِ قَالَ: حَدَّثَنَا أَبُو الْوَلِيدِ الطَّيَالِسِيُّ قَالَ: حَدَّثَنَا زَائِدَةُ بْنُ قُدَامَةَ قَالَ: حَدَّثَنَا عَاصِمُ بْنُ كُلَيْبٍ قَالَ: حَدَّثَنِي أَبِي: أَنَّ وَائِلَ بْنَ حُجْرٍ الْحَضْرَمِيَّ أَخْبَرَهُ قَالَ: قُلْتُ: لَأَنْظُرَنَّ إِلَى رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ كَيْفَ يُصَلِّي فَنَظَرْتُ إِلَيْهِ حِينَ قَامَ فَكَبَّرَ وَرَفَعَ يَدَيْهِ حَتَّى حَاذَتَا أُذُنَيْهِ ثُمَّ وَضَعَ يَدَهُ الْيُمْنَى عَلَى ظَهْرِ كَفِّهِ الْيُسْرَى وَالرُّسْغِ وَالسَّاعِدِ ثُمَّ لَمَّا أَرَادَ أَنْ يَرْكَعَ رَفَعَ يَدَيْهِ مِثْلَهَا ثُمَّ رَكَعَ فَوَضَعَ يَدَيْهِ عَلَى رُكْبَتَيْهِ ثُمَّ رَفَعَ رَأْسَهُ فَرَفَعَ يَدَيْهِ مِثْلَهَا ثُمَّ سَجَدَ فَجَعَلَ كَفَّيْهِ بِحِذَاءِ أُذُنَيْهِ ثُمَّ جَلَسَ فَافْتَرَشَ فَخِذَهُ الْيُسْرَى [وَجَعَلَ يَدَهُ الْيُسْرَى عَلَى فَخِذِهِ وَرُكْبَتِهِ الْيُسْرَى] وَجَعَلَ حَدَّ مِرْفَقِهِ الْأَيْمَنِ عَلَى فَخِذِهِ الْيُمْنَى وَعَقَدَ ثِنْتَيْنِ مِنْ أَصَابِعِهِ وَحَلَّقَ حَلْقَةً ثُمَّ رَفَعَ إِصْبَعَهُ فَرَأَيْتُهُ يُحَرِّكُهَا: يَدْعُو بِهَا ثُمَّ جِئْتُ بَعْدَ ذَلِكَ فِي زَمَانٍ فِيهِ بَرْدٌ فَرَأَيْتُ النَّاسَ عَلَيْهِمْ جُلُّ الثِّيَابِ تَتَحَرَّكُ أَيْدِيهِمْ تحت الثياب.

الراوي : وَائِلَ بْنَ حُجْرٍ الْحَضْرَمِيّ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 1857 | خلاصة حكم المحدث: صحيح ـ ((صحيح أبي داود)) (717).

বাংলা

১৮৫৭. ওয়াইল বিন হুজর রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, “আমি বললাম, “অবশ্যই আমি লক্ষ্য করবো যে, কিভাবে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম কিভাবে সালাত আদায় করেন। অতঃপর যখন তিনি

দাঁড়ালেন, আমি দেখলাম, তিনি তাকবীর দিলেন এবং রফ‘উল ইয়াদাইন বা দুই হাত উত্তোলন করলেন এমনকি তা তাঁর দুই কান বরাবর করলেন। তারপর তিনি ডান হাত বাম হাতের পাতার পিঠ, কব্জি ও বাহুর উপর রাখলেন। তারপর যখন রুকূ‘ করতে চাইলেন, তখনও অনুরুপভাবে রফ‘উল ইয়াদাইন বা দুই হাত উত্তোলন করলেন। তারপর রুকূ‘ করলেন। তিনি তাঁর দুই হাত দুই হাঁটুর উপর রাখলেন। তারপর তিনি রুকূ‘ থেকে মাথা উত্তোলন করলেন  এবং অনুরুপভাবে রফ‘উল ইয়াদাইন করলেন। তারপর সাজদা করলেন। তিনি তাঁর দুই হাতের পাতা দুই কান বরাবর রাখলেন। তারপর বসলেন। বাম উরু বিছিয়ে দিলেন এবং ডান হাত ডান উরু ও হাঁটুর উপর রাখলেন। আর ডান হাতের কুনুইয়ের সীমা বাম উরু বরাবর করেন এবং তাঁর দুই আঙ্গুলকে গিরা দিয়ে বৃত্ত বানান। তারপর তিনি তাঁর এক আঙ্গুল উঠান। আমি দেখতে পাই যে, তিনি তা নড়াচ্ছেন এবং তার মাধ্যমে দু‘আ করছেন। তারপর শীতকালে আবার তাঁর কাছে আসি, আমি লোকজনকে দেখতে পেলাম তারা ভারি কাপড় পরিধান করেছেন। কাপড়ের নিচে তাদের হাতগুলো নড়ছিলো (অর্থাৎ চাদরের নিচে তারা রফ‘উল ইয়াদাইন করছিলেন)।”[1]

## ফুটনোট

[1] তাবারানী আল কাবীর: ২২/৮২; আবূ দাঊদ: ৭২৭; মুসনাদ আহমাদ: ৪/৩১৮; ইমাম বুখারী, কুররাতুল আইনাইন ফী রফইল ইয়াদাইন: ১১ পৃষ্ঠা; নাসাঈ: ২/১২৬; দারেমী: ১/৩১৪; ইবনুল জারূদ: ২০৮; হুমাইদী: ৮৮৫; মুসান্নাফ আব্দুর রাযযাক: ২৫২২; মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ১/২৩৪; ইবনু মাজাহ: ৮৬৭; তাহাবী, শারহু মা‘আনিল আসার: ১/২২৩; বাগাবী, শারহুস সুন্নাহ: ৫৬৩।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ শক্তিশালী বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবূ দাঊদ: ৭১৭)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ ওয়ায়িল ইবনু হুজর (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=91073

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন